

করোনায় আক্রান্ত দুঃস্থ পড়ুয়াদের ভর্তি ফি মকুব করে দিল বাঁকুড়া বিশ্ববিদ্যালয়

নিজ প্রতিশ্রুতি বাঁকুড়া করোনার আক্রান্ত দুঃস্থ পড়ুয়াদের ভর্তি ফি মকুব করল বাঁকুড়া বিশ্ববিদ্যালয়। তারসঙ্গে গভা হওয়ায় ক্ষোভিত ছাত্রও। করোনার আক্রান্ত পড়ুয়া, শিক্ষক বা শিক্ষকমীর চিকিৎসার জন্য প্রয়োজনীয় সুবিধা থেকে আর্থিক সাহায্য করা হবে।

বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের এই সিদ্ধান্তে খুশি শিক্ষা মহলা বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দেবনারায়ণ কন্দোপাধ্যায় বলেন, এই বিশেষ বিপর্যয়ের সময় ছাত্রছাত্রীদের পাশে দাঁড়ানোই আমাদের লক্ষ্য। এর আগেও একাধিকবার ছাত্রছাত্রীদের ভর্তি বা অন্যান্য খাতে ফি কম করা হয়েছে। অথবা মকুব করা হয়েছে। এবার করোনার আক্রান্ত হওয়া দুঃস্থ পড়ুয়াদের ভর্তি ফি একবারে মকুব করা হবে। সেইজন্য প্রয়োজনীয় নথি ও প্রমাণপত্র দেখাতে হবে।

করোনা আবেহে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় সমস্ত প্রতিষ্ঠানেই পঠনপাঠন বন্ধ রয়েছে। তবে অনলাইন ক্লাসে নজর দেওয়া হয়েছে। রাজ্যের অন্যান্য জেলাগুলির পাশাপাশি বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের

ছাত্রছাত্রীদেরও অনলাইনে পঠনপাঠন করানো হচ্ছে। গত শুক্রবার থেকে পোস্ট গ্রাজুয়েশনের দ্বিতীয় ও চতুর্থ সেমিস্টারের ভর্তি প্রক্রিয়া শুরু করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সাধারণত, ভর্তি ফি হিসেবে ১১০০-২০০০ টাকা ধার্য করা হয়েছে। কিন্তু, এবারের ভর্তি প্রক্রিয়ার করোনার আক্রান্ত দুঃস্থ পড়ুয়াদের বিশেষ ছাড় নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কর্তৃপক্ষের দাবি, যেসব পড়ুয়া করোনার দ্বিতীয় ডেউরে আক্রান্ত হয়েছেন তাঁদের ভর্তির ফি মকুব করা হবে।

তবে আর্থিকভাবে দুর্বল পড়ুয়ারাই এই সুবিধা পাবেন। এরজন্য পড়ুয়াকে বার্ষিক আয়ের শংসাপত্র জমা দিতে হবে। তারসঙ্গে করোনা বে হয়েছিল, তারও প্রমাণ দিতে হবে। আগামী ১০ জুনের মধ্যে সেই আবেদন বিশ্ববিদ্যালয়ের তরফে দেওয়া ই-মেল আইডিতে পাঠাতে হবে। ইতিমধ্যে বাঁকুড়া বিশ্ববিদ্যালয় এব্যাপারে নির্দেশিকা জারি করেছে।

করোনার আক্রান্ত হলে চিকিৎসার জন্য অনেক টাকা খরচ হচ্ছে। তারসঙ্গে মানসিকভাবেও অনেকে

দুর্বল হয়ে পড়ছেন। এইসময় বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য আর্থিক বোঝা চাপাতে চাইছে না কর্তৃপক্ষ। এজন্য ফি মকুবের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে শুধু ফি মকুব নয়, এই কঠিন সময়ে কোনও পড়ুয়া, শিক্ষক বা শিক্ষকমী করোনার আক্রান্ত হয়ে আর্থিক সমস্যায় ভুগলে কর্তৃপক্ষ তাঁর পাশে দাঁড়াবে। সেজন্য একটি ফান্ডও গড়ে তোলা হয়েছে।

বাঁকুড়া বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, জেলার ২৪টি কলেজ এই বিশ্ববিদ্যালয়ের অধীনে রয়েছে। বর্তমানে এখানে প্রায় ২৫ হাজার ছাত্রছাত্রী পাঠরত। শিক্ষকদের মতে, জেলায় অন্তত ৩০ শতাংশ পড়ুয়া অত্যন্ত দরিদ্র। তাঁদের অনেকে পড়াশোনার সঙ্গে কাজ করেও সংসারের হাল টানেন। করোনার দ্বিতীয় ডেউরে অনেকের আক্রান্ত হওয়ার খবর পেয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

তাঁদের পাশে দাঁড়াতেই ভর্তি ফি মকুবের সিদ্ধান্ত। উপাচার্য বলেন, এমনিতে ছাত্রছাত্রীরা নানা ধরনের স্বলারশিপের সুবিধা পাচ্ছেন। তারসঙ্গে এই সিদ্ধান্তের ফলে অনেকেই উপকৃত হবেন।